জাতিসংঘে সড়ক নিরাপত্তাবিষয়ক প্যানেলের যৌথ-সভাপতি হলেন সড়কমন্ত্রী



সড়কমন্ত্রী শেখ রবিউল ইসলাম। ছবি: সংগৃহীত

জাতিসংঘ সদর দফতরে অনুষ্ঠিত সড়ক নিরাপত্তাবিষয়ক বহুপক্ষীয় প্যানেল অধিবেশনে যৌথ-সভাপতির দায়িত্ব পালন করেছেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী শেখ রবিউল আলম। এ সময় তিনি বিশ্বজুড়ে সড়ক দুর্ঘটনায় প্রাণহানি ও গুরুতর আহতের সংখ্যা কমাতে শক্তিশালী প্রতিষ্ঠান, কার্যকর সমন্বয় এবং জবাবদিহিতা নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ করেন।

মঙ্গলবার (২১ জুলাই) জাতিসংঘ সদর দফতরে আয়োজিত ওই অধিবেশনে বক্তব্য রাখতে গিয়ে সড়কমন্ত্রী বলেন, শুধু শক্তিশালী প্রতিষ্ঠান গড়ে তুললেই হবে না, সড়ক পরিবহন ব্যবস্থার প্রতিটি স্তরে সেগুলোর কার্যকর বাস্তবায়নও নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, সড়ক নিরাপত্তা উন্নয়নে স্থানীয় সরকার, বেসরকারি খাত, নাগরিক সমাজ, শিক্ষাবিদ এবং তরুণদের সক্রিয় অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। তবে এসব উদ্যোগ সফল করতে শক্তিশালী সরকারি নেতৃত্ব, সমন্বিত কর্মপরিকল্পনা এবং জবাবদিহিমূলক ব্যবস্থাপনা অপরিহার্য।

সড়কমন্ত্রী আরও বলেন, সড়ক নিরাপত্তা নিশ্চিত করতে পরিবহন, স্বাস্থ্য, পুলিশ, অর্থ, শিক্ষা, পরিবেশ এবং স্থানীয় সরকারসহ সংশ্লিষ্ট সব প্রতিষ্ঠানের মধ্যে কার্যকর সমন্বয় গড়ে তুলতে হবে। একই সঙ্গে দায়িত্বের সুস্পষ্ট বণ্টন এবং নীতিমালা ও বাস্তবায়নের মধ্যে সামঞ্জস্য বজায় রাখার ওপরও তিনি গুরুত্ব দেন।